যৌন নির্যাতনের অপরাধে ১০ বছরের সশ্রম কারাদন্ড

নিজস্বসংবাদদাতা,৯আগষ্টঃ নাবালিকাকে যৌন নির্যাতনের অপরাধে দশ বছরের সশ্রম কারাদন্ড হল এক যুবকের। অপরাধী যুবকের নাম অরুণ ধারা। বুধবার হাওা জেলার পকসো আদালতের বিচারক সঞ্জিত দে এই আদেশ দেন। এদিন হাওড়ার প্রধান সরকারি কৌঁসুলি সোমনাথ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, বিচারক অপরাধীকে কারাদন্ড ছাড়াও ৫০ হাজার টাকা অনাদায়ে এক বছরের বিনাশ্রম কারাদন্ড এবং রাজ্যকে ৭৫ হাজার টাকা দেওয়ার আদেশ দেন। তিনি জানিয়েছেন, ঘটনাটি ঘটেছিল ২০১৪-র ১৭ই নভেম্বর, হাওড়ার আমতার ধারাপাড়ায়। ওইদিন বিকেল ৩টে নাগাদ প্রাকৃতিক ক্রিয়া সারতে স্থানীয় রামসদয় কলেজ সংলগ্ন জঙ্গলে যায় বছর দশের নির্যাতিতা নাবালিকা। এই সময় এলাকার বাসিন্দা অরুন ধারা নাবালিকাকে তার কাছে ডাকে। অরুণের কাছে এলে নাবালিকাকে জোর করে টেনে নিয়ে যায় পানাবনে। সেখানে নাবালিকাকে শ্লীলতাহানী করে বলে অভিযোগ। নাবালিকা চিকার করলে তাকে পানাবন সংলগ্ন জলাশয়ে ডুবিয়ে মারার চেষ্টা করে। ইতিমধ্যে নির্যাতিতার চিকারে ছুটে আসে এলাকার বাসিন্দারা। নাবালিকাকে উদ্ধার করে তারাই। তখনই এলাকার বাসিন্দাদের হাতে ধরা পরে অভিযুক্ত অরুণ। পরে নির্যাতিতার বাবা ওইদিন আমতা থানায় লিখিত অভিযোগ করেন। এই অভিযোগের ভিত্তিতে ওই দিনই গ্রেফতার হয় অরুণকে। তার বিরুদ্ধে পকসো আইনের ৬ নং ধারায় মামলা শুরু করে পুলিশ। এই মামলায় মোট ১০ জন সাক্ষ্য দান করেন। গত মঙ্গলবার অভিযুক্তকে দোষী সাব্যস্ত করা হয়েছিল। এদিন তার শাস্তি ঘোষণা করেন বিচারক।

মোতিহারিতে সেপটিক ট্যাঙ্কে পড়ে গেল শিশু

পাটনা, ৯ আগস্ট ঃ বিহারে সেপটিক ট্যাঙ্কে পড়ে গিয়ে মৃত্যু হল পাঁচজনের। বিহারের মোতিহারি জেলার বনকটবা ব্লকের জীতপুর গ্রামের ঘটনা। ঘটনাস্থলে পৌঁছেছে পুলিশ ও তদন্তকারী দল। মৃতদের নাম ও পরিচয় এখনও পর্যন্ত জানা যায়নি। পুলিশ ও স্থানীয় সূত্রের খবর, বৃহস্পতিবার সকালে জীতপুর গ্রামের বাসিন্দা একটি শিশু সেপটিক ট্যাঙ্কের কাছে খেলা করছিল। খেলা করার সময় আচমকাই সেপটিক ট্যাঙ্কে পড়ে যায় শিশুটি।ওই শিশুটিকে বাঁচাতে ছুটে আসেন পাঁচজন। শিশুটিকে উদ্ধার করার সময় সেপটিক ট্যাঙ্ক থেকে নির্গত বিষাক্ত গ্যাসের গন্ধে অসুস্থ হয়ে পড়েন পাঁচজনই। অসুস্থ অবস্থায় পাঁচজনকে উদ্ধার করে তৎক্ষণাত্ নিয়ে যাওয়া হয় নিকটবর্তী পিএইচসি হাসপাতালে, হাসপাতালে নিয়ে যাওয়া হলে পাঁচজনকেই মৃত ঘোষণা করেন চিকিৎসকরা। মামলা রুজু করে ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

বিজ্ঞাপণ সতর্কীকরণ

পাঠকদের পরামর্শ দেওয়া হচ্ছে যে কোনও বিজ্ঞাপণ দেখে সেক্ষেত্রে অগ্রসর হওয়ার আগে তাঁরা যেন ভালোভাবে সকল বিষয়ে খতিয়ে দেখে নেন। পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপণদাতাদের বিজ্ঞাপণ সম্পর্কে এই পত্রিকার কোনও দায়বদ্ধতা থাকছে না। এই ঘোষণা ভারত সরকারের স্পেশাল ক্রাইম বাঞ্চের নির্দেশ অনুযায়ী ছাপা হচ্ছে।

দুরন্তবার্তা

বিমান মাশুল
অসম/ডিব্রুগড়/সিকিম ঃ১.০০,
মুম্বই/দিল্লি/চেন্নাই/বেঙ্গালুরু
বারাণসী/কানপুর/লক্ষ্ণৌ
এলাহাবাদ/গোরক্ষপুর
গাজিয়াবাদ/ঝাড়খন্ড/ভুবনেশ্বর
/রাউরকেল্লা/বোকারো
অতিরিক্ত ১ টাকা

দুরন্তবার্তা

এই পত্রিকায় শ্রেণীবদ্ধ বিজ্ঞাপন দিতে ইচ্ছুক ব্যক্তিরা ফোন করুন এই নম্বরে ঃ
০৩৩২২৩৭০৪৮৮
৯৪৩২৩২৭১৬৬
০৯৮৩০২১৭১৬৬

আজ বিশ্ব জৈব জ্বালানি দিবসের অনুষ্ঠানে উপস্থিত থাকবেন প্রধানমন্ত্রী



নয়াদিল্লি, ৯ আগস্টঃ বিশ্ব জৈব জ্বালানি দিবস উপলক্ষে আগামীকাল (১০ আগস্ট, ২০১৮) নতুন দিল্লির বিজ্ঞান ভবনে একটি অনুষ্ঠানে উপস্থিত থাকবেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী। সেখানে তিনি কৃষক, বিজ্ঞানী, উদ্যোগপতি, ছাত্রছাত্রী, সরকারি আধিকারিক এবং বিধায়কদের একটি সমাবেশে ভাষণ দেবেন। প্রসঙ্গত, অশোধিত তেলের ওপর নির্ভর করার প্রবণতা অনেকটাই কমাতে পারে জৈব জ্বালানি ব্যবহার। পরিচ্ছন্ন পরিবেশ সহায়ক এই জ্বালানি কৃষকদের অতিরিক্ত আয়েও সাহায্য করে। পাশাপাশি, গ্রামাঞ্চলে কর্মসংস্থান বাড়াতেও সাহায্য করে এই জ্বালানি। অতএব, বিভিন্ন সরকারি উদ্যোগের সঙ্গে জৈব জ্বালানির সংযোগ রয়েছে। তার মধ্যে অন্যতম হল স্বচ্ছ ভারত এবং কৃষকদের আয় বৃদ্ধি। কেন্দ্রীয় সরকার উদ্যোগ নেওয়ার ফলে পেট্রোলের সঙ্গে ইথানল মেশানোর প্রক্রিয়া ২০১৩-১৪-র লিটার প্রতি ৩৮ কোটি থেকে বেড়ে ২০১৭-১৮-তে লিটার প্রতি ১৪১ কোটি হয়েছে। এ বছর জুন মাসে সরকার জৈব জ্বালানি সংক্রান্ত জাতীয় নীতিটিও অনুমোদন করেছে।

জোর করে নাবালিকার বিয়ে, বাবাকে তীব্র ভৎসনা হাইকোর্টের

কলকাতা, ৯ আগস্টঃ জোর করে নাবালিকাকে বিয়ে দিতে চাওয়ায় কলকাতা হাইকোর্টে তীব্র ভৎসনার মুখে পড়তে হল মেয়ের বাবাকেই। ক্ষুব্ধ বিচারপতি জয়মাল্য বাগচির ডিভিশন বেঞ্চ নাবালিকার বাবা কৃতিভূষণ মাহাতোকে বৃহস্পতিবার বলে, আপনার বিরুদ্ধেই তো পুলিশের ব্যবস্থা নেওয়া উচিত। পুরুলিয়ার কেন্দুয়াডিহি গ্রামের নাবালিকা ছাত্রী তাতারি মাহাতো কেন্দুয়াডিহি হাইস্কুলের দ্বাদশ শ্রেণির ছাত্রী। তার অভিযোগ, বাবা কৃতিভূষণ মাহাতো জোর করে বিয়ে দিতে চান। তার বাবা পরিকল্পনা করে তাকে মন্দিরে নিয়ে যেতে চাইলে সে পালিয়ে যায়। এর পর সোজা পুঞ্চা থানায় গিয়ে ওঠে গত ২১ জুলাই সন্ধে ৬টার সময়ে। পুলিশকে গিয়ে জানায়, পড়াশোনা করে বড় হয়ে পুলিশ হওয়ার স্বপ্ন দেখে সে। এখনই বিয়ে করে পড়াশোনায় বন্ধ করতে চায় না। নিজের পায়ে দাঁড়িয়ে পছন্দ মতো পাত্রকে বিয়ে করতে চায় সে। কিন্তু বিয়ের জন্য তার বাবা অত্যাচার চালাচ্ছেন তার উপরে।

বাবার অত্যাচার থেকে বাঁচতে এবং নিজের পড়াশোনা চালিয়ে যেতে পুলিশের সাহায্য প্রার্থনা করে সে। গত ২১ জুলাই সন্ধ্যায় মেয়েটির কথা শুনে পুঞ্চা থানার পুলিশ তার পাশে দাঁড়ায়। ওই ছাত্রীকে জেলা চাইল্ড ওয়েলফেয়ার কমিটির হাতে তুলে দেয়। সেখানে থেকেই বর্তমানে পড়াশোনা করছে সে। এদিকে নাবালিকার বাবা কলকাতা হাইকোর্টে আসেন। হেভিয়াস করপাস মামলা করেন। তিনি আর্জি জানান, মেয়েকে খুঁজে দেওয়ার। তখনই ওই নাবালিকার বাবার ওপর ক্ষেপে ওঠেন বিচারপতি জয়মাল্য বাগচি। বলেন, 'জোর করে নাবালিকা মেয়ের বিয়ে দিতে চাইছেন। আবার হাইকোর্টে এসে বলছেন মেয়েকে খুঁজে এনে দিতে'। তিনি মামলাটি শুনতে না চেয়ে তৎক্ষনাৎ খারিজ করে দেন।

বিদেশি চোরাচালান চক্রের সঙ্গে যুক্ত ৮ জনকে গ্রেপ্তার ডিআরআই-র

নয়াদিল্লি,৯আগষ্টঃএকটি সুনির্দিষ্ট অভিযোগের সূত্রে কেন্দ্রীয় রাজস্ব দপ্তরের রাজস্ব গোয়েন্দা আধিকারিকের (ডিআরআই) দিল্লি আঞ্চলিক ইউনিটের আধিকারিকরা নয়াদিল্লির ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দরে সাতজন বিদেশি নাগরিককে আটক করে তাদের কাছ থেকে প্রচুর সংখ্যক বিদেশি টাকা উদ্ধার করেছে। বিদেশি নাগরিকদের ব্যাগেজ থেকে ঐ অর্থ উদ্ধার করা হয়। তারা সকলেই ৫ ও ৬ আগস্টের মধ্যবর্তী সময়ে রাতের বিমানে হংকং যাত্রার উদ্দেশে বিমানবন্দরে হাজির হয়। এই চোরাচালান চক্রের একজন ভারতীয় সহযোগীকেও এই সূত্রে চিহ্নিত ও আটক করা হয়। আটক ও উদ্ধার করা বিদেশি অর্থের প্রায় পুরোটাই ছিল মার্কিন ১০০ ডলারের নোটে যার মোট অর্থমূল্য প্রায় ৮ লক্ষ ৯০ হাজার মার্কিন ডলার। ভারতীয় মুদ্রায় বাজারে এর মূল্য দাঁড়ায় ৬ কোটি ১৪ লক্ষ টাকা।সাতজন বিদেশি নাগরিক এবং তাদের ভারতীয় সহযোগীকে গ্রেপ্তার করা হয়েছে। এ বিষয়ে আরও তদন্ত ও অনুসন্ধানের কাজ চলছে।

আদিবাসী মহিলাদের মারধর ও ঘরবাড়ি ভাঙচুর করার অভিযোগ হেমতাবাদে

হেমতাবাদ,৯আগষ্টঃচোলাই মদ অভিযানে এসে আদিবাসী মহিলাদের মারধর ও ঘরবাড়ি ভাঙচুর করার অভিযোগ উঠল জেলা আবগারি দপ্তরের কর্মীদের বিরুদ্ধে। ঘটনাটি ঘটেছে উত্তর দিনাজপুর জেলার হেমতাবাদ থানার পাতিপুকুর আদিবাসী পাড়ায়। যদিও তাদের বিরুদ্ধে ওঠা অভিযোগ অস্বীকার করেছে আবগারি দপ্তর। এই ঘটনায় হেমতাবাদের পাতিপুকুর আদিবাসী পাড়ায় উত্তেজনা দেখা দিয়েছে।হেমতাবাদের পাতিপুকুর আদিবাসী পাড়ায় অবৈধ চোলাই মদ তৈরি ও ব্যাবসা চালানোর খবর পেয়ে জেলা আবগারি দপ্তরের সুপারিন্টেন্ডেন্টএর নেতৃত্বে দপ্তরের কর্মীরা হানা দেয়। নষ্ট করে দেওয়া হয় বেআইনি চোলাই মদ তৈরির উপকরন ও সরঞ্জাম। কাজে বাধা দেওয়ার অভিযোগে একজনকে আটক করে আবগারি দপ্তর। এদিকে এলাকার আদিবাসী মহিলাদের অভিযোগ, চোলাই মদ অভিযান করতে এসে নির্বিচারে মহিলাদের ব্যাপক মারধর করে। আদিবাসী মহিলাদের বক্তব্য, এই চোলাই মদ তৈরি করা ছাড়া আমাদের আর কিছু করার নেই। আমরা গরীব দুস্থ মানুষ, পেটের তাগিদেই এই কাজ করতে হয় তাদের। আবগারি দপ্তরের কর্মীরা অভিযানের নামে এলাকার মহিলাদের মারধর করার পাশাপাশি বাড়িঘরেও ভাঙচুর চালিয়েছে অভিযোগ এলাকার আদিবাসী মহিলাদের। আবগারি দপ্তরের এই অত্যাচারের বিচার চান তারা। এব্যাপারে জেলা আবগারি দপ্তরের সুপারিন্টেন্ডেন্ট জানিয়েছেন, শুধুমাত্র অভিযান চালিয়ে চোলাই মদ তৈরির উপকরন ও সরঞ্জাম নষ্ট করে দেওয়া হয়েছে। কোনও মারধর বা ভাঙচুরের ঘটনা ঘটেনি। আবগারি দপ্তরের আধিকারিকের পালটা অভিযোগ, অভিযান চালানোর সময় এলাকার মহিলারা গাড়ি আটকানোর চেষ্টা করে এবং ঢিল ছোঁড়ে। তাদের ছোঁড়া ঢিলের আঘাতে জখম হন দপ্তরের সুপারিন্টেন্ডেন্ট তপন কুমার মাইতি।

দেদার ব্যাটিং করে চলেছে বর্ষা, আগামী ২৪ ঘন্টা ভারী বর্ষণের পূর্বাভাস দক্ষিণ ও উত্তরবঙ্গে

কলকাতা, ৯ আগস্ট ঃ জুন মাসে সেভাবে বৃষ্টিপাত হয়নি। তাই আগস্ট মাসে বর্ষা দেদার ব্যাটিং করে চলেছে। এক্ষুনি বৃষ্টি কমার সম্ভাবনা তেমন নেই। আগামী ২৪ ঘন্টাও কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় ভারী বর্ষণের সম্ভাবনা রয়েছে, আলিপুর আবহাওয়া দফতর সূত্রে এমনটাই খবর। বৃহস্পতিবার হালকা থেকে ভারী বৃষ্টিপাত হতে পারে কলকাতা ও সংলগ্ন সমস্ত জেলাগুলিতে। মূলত কলকাতা, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, হাওড়া, হুগলি, ঝাড়গ্রাম, পুরুলিয়া, বাঁকুড়া ও দুই মেদিনীপুরের মানুষকে ভোগাবে বৃষ্টি।অন্যদিকে, উত্তরবঙ্গের আলিপুরদুয়ার, কালিম্পং, দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহারেও ভারী বৃষ্টির সতর্কতা রয়েছে। আবহবিদরা জানিয়েছেন, গত সোমবার তৈরি হওয়া নিম্নচাপ ঘনীভূত হয়েছে, নিম্নচাপের সৌজন্যেই ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে মৎস্যজীবীদের।

পূন্যার্থী বোঝাই বাসের সাথে লরির ধাক্কায় বর্ধমানে মৃত ২ মহিলা

বর্ধমান, ৯ আগষ্টঃ দেহঘরের বৈদ্যনাথ ধাম থেকে বাস ভাড়া করে কলকাতার কালীঘাটে যাবার পথে দাড়িয়ে থাকা লরিতে ধাক্কা মারায় মৃত্যু হল ২ মহিলা পূন্যার্থীর। জখম ২২ জন পূন্যার্থী। মর্মান্তিক এই দুর্ঘটনাটি ঘটেছে বর্ধমানের কানাইনাটশাল এলাকায় ২ নং জাতীয় সাকে। মৃত দুই মহিলার নাম মীরা দেবী (৩৫) এবং সুনয়না দেবী (৫০)। উভয়েরই বাড়ি উত্তর প্রদেশের কুশীনগর জেলার শিবরাই থানার গৌরী জগদিশ (বিনটোলা) এলাকায়। মৃত বাসযাত্রী মীরা দেবীর সম্পর্কে দেওর তথা দুর্ঘটনাগ্রস্ত বাসটির অন্যতম যাত্রী সম্পদ নিশাদ জানিয়েছেন, তারা ৩ আগষ্ট উত্তর প্রদেশের কুশীধাম থেকে বাসে করে তীর্থ করতে বেরিয়েছিলেন। এরপর ঝাড়খন্ডের বাসুকীনাথ থেকে জল তোলার পর দেওঘরে বৈদনাথ ধামে শিবের মাথায় জল ঢেলে মঙ্গলবার রাতের দিকে একটি বাস ভাড়া করে প্রায় ৭০ - ৭৫ জন পচাত্তর জন যাত্রী কালঘাটের কালী মন্দিরে যাওয়ার জন্য রওনা দেন। যাত্রীদের মধ্যে অধিকাংশই মহিলা ছিলেন। পথে বুধবার ভোর ৩ টে নাগাদ ২ নং জাতীয় সাকের উপর বর্ধমানের কানাইনাটশালের কাছে একটি দাঁড়িয়ে থাকা লরির পিছনে নিয়ন্ত্রন হারিয়ে তাদের বাসটি ধাক্কা মারে। ওই ঘটনায় আহত হন বাইশ জন যাত্রী। আহতদের উদ্ধার করে বর্ধমান মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হলে কর্তব্যরত চিকিসক মীরা দেবী ও সুনয়না দেবীকে মৃত বলে ঘোষনা করে। বাকিদের মধ্যে বর্ধমান হাসপাতালে ভর্তি রয়েছে লালন যাদব, পি সি কেশব, লছমী কুমারী, সুহান প্যাটেল, কুন্তি দেবী, রামাবতী দেবী, সোমারিয়া দেবী, কুসুম দেবী, রাধিকা দেবী, পাওয়ার নিশাদ এবং সাওয়ানী দেবী। এদের মধ্যে শারিরীক অবস্থা আশঙ্কাজনক হওয়ায় সাওয়ানি দেবীকে অনাময় হাসপাতালের ট্রমা সেন্টারে স্থানান্তরিত করা হয়েছে এবং সুহান প্যাটেল ও কুন্তী দেবীকে কলকাতায় স্থানান্তরিত করা হয়েছে। বাকিরা বর্ধমান হাসপাতালে চিকিৎসাধীন।

দু'দিন ব্যাপী আন্তর্জাতিক সেমিনার এপিসি কলেজে

নিউব্যারাকপুর,৯আগষ্টঃ বিজ্ঞানী আচার্য প্রফুল্ল চন্দ্র রায়ের ১৫৭ তম জন্মদিবসকে সামনে রেখে ইন্ডিয়ান কেমিক্যাল সোসাইটি এর সহযোগিতায় নিউব্যারাকপুর আচার্য প্রফুল্ল চন্দ্র মহাবিদ্যালয় আয়োজন করে দু'দিনের একটি আন্তর্জাতিক সেমিনার। সেমিনারের আলোচ্য বিষয় ছিল -সুসংহত উন্নয়নের প্রতি সাম্প্রতিক কালে বিজ্ঞানের ভূমিকা। পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. বাসব চৌধুরী এই সেমিনারের উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন রাজ্যের খাদ্যমন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিক, বিশিষ্ট সমাজসেবী সুখেন মজুমদার, নিউব্যারাকপুর পৌরসভার পৌরপ্রধান তৃপ্তি মজুমদার,স্থানীয় পৌরপিতা মনোজ সরকার ও জয়গোপাল ভট্টাচার্য, রিপাবলিক অফ্ কোরিয়া, ইনস্টিটিউট অফ বেসিক সায়েন্সের অধ্যাপক ক্রিস্টোফার ডব্লিউ বিয়েলাওয়াসি, ইন্ডিয়ান কেমিক্যাল সোসাইটির সভাপতি অধ্যাপক দুলাল মুখার্জি, সম্পাদক অধ্যাপক চিত্তরঞ্জন সিনহা, গবেষণা অধ্যাপক সমীর কুমার পাল, এপিসি কলেজের অধ্যক্ষ ড. শক্তিব্রত ভৌমিক, পরিচালন সমিতির সভাপতি ড. নিখিল চন্দ্র হালদার, সদস্য ড. বিধান চন্দ্র মন্ডল, সেমিনারের আহ্বায়ক ড. সন্দীপ সাহা, ড. এন আর অধিকারী প্রমুখ সহ দেশ বিদেশের বিভিন্ন কলেজ থেকে আগত গবেষক, অধ্যাপক ও ছাত্র ছাত্রী সহ ৩৫০ জন এই সেমিনারে অংশ গ্রহণ করেন। রাজ্যের খাদ্যমন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিক বলেন, এই কলেজে এসে আমার খুব ভালো লাগছে। এখান থেকে স্নাতক থেকে স্নাতকোত্তর স্তরে পড়ুয়ারা গবেষণা করছে। এই কলেজের একটা সুনাম রয়েছে। সেই সুনামকে ধরে রাখতে কলেজ এগিয়ে চলেছে। কলেজের অধ্যাপক অধ্যাপিকাদের আন্তরিক ধন্যবাদ জানাই। ছাত্রছাত্রীদের উদ্দেশ্যে বলেন, পিতামাতাকে সবসময় সম্মান দিতে হবে। উচ্চ শিক্ষার প্রসারে শিক্ষকদের পাশাপাশি বাবামায়েদের শ্রদ্ধার সাথে সম্মান জানাতে হবে। কলেজের নামকরণ বিজ্ঞানী আচার্য প্রফুল্ল চন্দ্র রায়ের নামে। তার নামে বেঙ্গল কেমিক্যাল প্রতিষ্ঠান। বর্তমান বিজ্ঞানের ভবিষ্য প্রজন্মের জন্য পরিকল্পনা উন্নতিকরণের বিস্তার লাভ করা যায় - সেইসব বিষয়বস্তু নিয়ে সেমিনারে আলোকপাত করেন আবুধাবি, দঃকোরিয়া, বেনারস, হরিয়ানা সহ বাংলা থেকে আগত বিভিন্ন গবেষক, বিজ্ঞানী, অধ্যাপক অধ্যাপিকা, ছাত্র ছাত্রীরা। জীবজগতের প্রাকৃতিক ভারসাম্য রক্ষার্থে পলিথিন বা প্লাস্টিকের ক্যারিব্যাগ কি ক্ষতি করে, সে ব্যাপারে আলোচনা হয়। এছাড়াও স্বাস্থ্যবিধি নিয়ে আলোচনা করেন অধ্যাপক সমীর কুমার পাল। দুদিন ব্যাপী এই সেমিনারটি একটি ঐতিহাসিক ঘটনা হয়ে রইল।

সিলিকন ভ্যালির আদলে তথ্যপ্রযুক্তি হাব হবে রাজ্যে

নিজস্বসংবাদদাতা, কলকাতা, ৯আগষ্টঃ মার্কিন যুক্তরাষ্ট্রের সিলিকন ভ্যালির আদলে রাজ্যের নিজস্ব তথ্যপ্রযুক্তি হাব তৈরি হতে চলেছে রাজারহাটে।সিলিকন ভ্যালি অফ এশিয়া. নামের ওই প্রকল্পের আনুষ্ঠানিক শিলান্যাস করবেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।গত ফেব্রুয়ারি মাসে বিধানসভায় মুখ্যমন্ত্রী আমেরিকার সিলিকন ভ্যালির ধাঁচে ওই প্রকল্প তৈরির কথা ঘোষণা করেছিলেন। সেইমতো রাজ্য মন্ত্রিসভার বৈঠকে ওই প্রকল্প অনুমোদন করে ১০০ একর জমি বরাদ্দ করা হয়। ছ'মাসের মধ্যেই নিউটাউনে জমি চিহ্নিত করা হয়েছে। আগামী সোমবার যেখানে সিলিকন ভ্যালি হাবের শিলান্যাস করবেন মুখ্যমন্ত্রী।ইতিমধ্যে টিসিএস, কগনিজেন্ট এর মত প্রথম সারির তথ্য প্রযুক্তি সংস্থা ওই শিল্প তালুকে জমির জন্য আবেদন করেছে বলে নবান্ন সূত্রে খবর। টিসিএসকে ২০ একর এবং কগনিজেন্টকে ১২ একর জমি দেওয়া হচ্ছে। একই সঙ্গে আইএসআইকেও তাদের দ্বিতীয় ক্যাম্পাস তৈরির জন্য চার একর জমি দেওয়া হচ্ছে। মুখ্যমন্ত্রী যেদিন সিলিকন ভ্যালি উদ্বোধন করবেন, ওইদিনই প্রকল্পের বিষয়ে বিস্তারিত তথ্য সম্বলিত বই প্রকাশ করা হবে। তথ্যপ্রযুক্তি শিল্প তালুকের জন্য আন্তর্জাতিক মানের পরিকাঠামো ও সুযোগ-সুবিধা এখানে মিলবে বলে রাজ্য সরকারের তরফে দাবি করা হচ্ছে। উদ্বোধনী অনুষ্ঠানে প্রথম সারির তথ্য প্রযুক্তি সংস্থাগুলির কর্তা ব্যক্তিদের আমন্ত্রণ জানানো হচ্ছে। এছাড়াও উপস্থিত থাকবেন বিভিন্ন দেশের দূতাবাস এর প্রতিনিধিরা।রাজ্যে ইনফোসিসের প্রথম ক্যাম্পাস এবং উইপ্রোর দ্বিতীয় ক্যাম্পাসের কাজ শুরু হয়েছে। দীর্ঘদিন ধরে 'অর্থনৈতিক অঞ্চল' ইস্যুতে জমি পেয়েও ক্যাম্পাস তৈরির কাজ শুরু করেনি ইনফোসিস। কিছুদিন আগে সেই জটিলতা কেটেছে। রাজারহাটে কাজ শুরু করেছে ইনফোসিস। তথ্যপ্রযুক্তি দপ্তর সূত্রে খবর, দ্বিতীয় ক্যাম্পাসের কাজ শুরু করেছে উইপ্রো।বেঙ্গল সিলিকন ভ্যালি হাব তৈরি হয়ে গেলে তথ্যপ্রযুক্তি ক্ষেত্রে দেশের মধ্যে এ রাজ্য শিল্প সংস্থাগুলির প্রধান গন্তব্য হয়ে উঠবে বলে দাবি করছেন রাজ্যে শিল্প দফতরের কর্তারা। ইতিমধ্যে নিউটাউনে টিসিএস তাঁদের ক্যাম্পাস তৈরি করেছে। ইনফোসিস নতুন ভবন তৈরির কাজ শুরু করেছে। একটি database সেন্টার তৈরির জন্য রিলায়েন্সের তরফেও জমি চেয়ে রাজ্য সরকারের কাছে আবেদন জানানো হয়েছে তাদেরও প্রস্তাবিত সিলিকন ভ্যালি হাবে জমি বরাদ্দ করা হতে পারে বলে জানা গেছে।

হিটলার সেজে সংসদ চত্বর মাতালেন নারামাল্লি শিবপ্রসাদ

নয়াদিল্লি, ৯ আগস্ট ঃ অন্ধ্রপ্রদেশের বিশেষ মর্যাদার দাবিতে দীর্ঘদিন ধরেই সরব তেলেগু দেশম পার্টি। আর এই দলের সাংসদ নারামাল্লি শিবপ্রসাদের অভিনব ভাবে প্রতিবাদ দেখানোর পন্থা গোটা দেশের মানুষের নজর কেড়েছে। বৃহস্পতিবার সংসদ চত্বরে জার্মান স্বৈরাচারী নেতা হিটলার সেজে আসেন নারামাল্লি শিবপ্রসাদ। এর আগে সত্য সাই, নারদ মুণি, স্কুলছাত্র সেজে সংসদে এসেছিলেন তিনি।এদিন অন্ধ্রপ্রদেশের বিশেষ মর্যাদার দাবিতে সংসদ চত্বরের মহাত্মা গান্ধী মূর্তির পাদদেশে বিক্ষোভ দেখায় তেলেগু দেশম পার্টির সাংসদরা। সেখানে নাৎসি স্বৈরাচারী হিটলার সেজে আসেন নারামাল্লি শিবপ্রসাদ। স্বস্তিকা চিহ্ন দেওয়া কোট, হিটলারের মতো সাদৃশ্য রেখে গোঁফ, হাতে লাঠি নিয়ে আসেন তিনি। সেখানে অন্ধ্রপ্রদেশের বিশেষ মর্যাদা না পাওয়ার জন্য কেন্দ্রের বিরুদ্ধে সরব হন। এদিন নারামাল্লি ছাড়াও অন্যান্য তেলেগু দেশমের সাংসদেরা হাতে প্লেকার্ড নিয়ে গান্ধী মূর্তির পাদদেশে বিক্ষোভ দেখাতে থাকে। সেই সব প্লেকার্ডে লেখা রয়েছে, আমরা অন্ধ্রপ্রদেশের বিশেষ মর্যাদার দাবি জানাচ্ছি। আরও একটি প্লেকার্ড লেখা ছিল প্রধানমন্ত্রীর কথা বিশ্বাসযোগ্য নয়। পেশায় চিকিৎসক নারামাল্লি শিবপ্রসাদ চলচ্চিত্রতেও অভিনয় করেছেন। ১৯৯৯ সালে প্রথমবার আইনসভার সদস্য হন তিনি। মুখ্যমন্ত্রী চন্দ্রবাবু নাইডুর মন্ত্রিসভায় মন্ত্রীও ছিলেন তিনি।

বাণিজ্যিক সমস্যার সমাধানে ভারত-কোরিয়া সহযোগিতা

নয়াদিল্লি, ৯ আগস্ট ঃ প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে অনুষ্ঠিত কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে আজ ভারত ও কোরিয়ার মধ্যে বাণিজ্যিক প্রতিকার ক্ষেত্রে সহযোগিতা প্রসারের লক্ষ্যে এ বছর জুলাই মাসে কোরিয়ার প্রেসিডেঃ টর ভারত সফরকালে স্বাক্ষরিত একটি মউকে সরকারিভাবে অনুমোদন দেওয়া হয়। মউএর আওতায় অপ্রয়োজনীয় পণ্যের অযথা মজুত, ভর্তুকি সহায়তা, মূল্য বা মূল্যমান সম্পর্কিত বিষয়ে বিরোধের মতো বিষয়গুলিতে প্রতিকার, সুরাহা ও সমাধানের লক্ষ্যে ভারত ও কোরিয়ার মধ্যে পারস্পরিক সহযোগিতা আরও দৃঢ় হয়ে উঠবে বলে আশা করা হচ্ছে। প্রয়োজনে, রক্ষাকবচেরও সংস্থান রাখা হবে দ্বিপাক্ষিক বাণিজ্য সম্পর্কের সংশ্লিষ্ট ক্ষেত্রগুলিতে।

রাশিফল

মেষ ঃকাজের জায়গায় বরিষ্ঠদের থেকে চাপ এবং ঘরে মতভেদ কিছু চাপ আনতে পারে- যা আপনাকে কাজে মনোনিবেশ করতে উপদ্রব করবে। ব্যস্ততার মধ্যে বিনিয়োগ করবেন না- তাতে লোকসান হবেই যদি না আপনি বিনিয়োগ সময় সব দিক লক্ষ্য রাখেন। এছাড়াও আপনি আপনার শখ পূরণে এবং পরিবারের সদস্যদের সাহায্যের জন্য কিছু সময় ব্যয় করতে পারেন। শুভ দিন হবে।

বৃষ ঃ সুস্বাস্হ্য আপনাকে ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে সক্ষম করবে। আপনি রক্ষণশীল বিনিযোগে সঞ্চয় রেখে আরো বেশি অর্থ উপার্জন করতে পারেন। যদি প্রয়োজন হয় তাহলে বন্ধুরা আপনার সাহায্যে এগিয়ে আসবে। আজ, আপনি এবং আপনার ভালবাসার সঙ্গী ভালোবাসার সমুদ্র মন্থন করবেন এবং প্রেমের উচ্চতার অভিজ্ঞতা লাভ করবেন।শুভ দিন

মিথুনঃআপনার বন্ধুদের বা পরিবারের সাথে আনন্দদায়ক সফর আপনাকে ভারমুক্ত করবে। যদি আপনি একটু বাড়তি টাকাপয়সা উপার্জনের উপায় খুঁজছেন-তাহলে নিরাপদ আর্থিক পরিকল্পনাগুলিতে বিনিয়োগ করুন। ইতিবাচক চিন্তা এবং বাক্য দিয়ে আপনার প্রয়োজনীয়তা তৈরী করুন যা দিয়ে আপনার পরিবারের লাভ হয়।

কর্কটঃ বাচ্চারা আপনার পছ ঃদ মতো কাজ নাও করতে পারে- যা আপনাকে রাগান্বিত করতে পারে। আপনি নিজেকে সংযত রাখুন কেননা অনিয়ন্ত্রিত রাগ সবার ক্ষতি করতে পারে এবং আপনার নিজেকে সবচেয়ে বেশী কারণ এতে আপনার শক্তিক্ষয় হয় এবং বিচার ক্ষমতা হ্রাস পায়। এরফলে বিষয় আরো জটিল

সিংহঃ আপনার স্বাস্থ্য আজ ঠিক থাকবে। কোন নতুন অর্থনৈতিক সমঝোতা চূড়ান্ত হবে এবং আপনি অনেক টাকা পাবেন। পরিবারে কোন মহিলা সদস্যের স্বাস্হ্য দুশ্চিন্তার সৃষ্টি করতে পারে। সতর্ক থাকুন, আপনার প্রেমের সঙ্গী আপনাকে তোষামোদ করতে পারে- আমাকে এই নিঃসঙ্গ পৃথিবীতে একা ছেড়ে যেও না বলতে পারে।

বৃশ্চিক ঃ আপনার স্বাস্থ্য এবং সৌন্দর্যের উন্নতি করতে যথেষ্ট সময় থাকবে। আপনি আজকে ভাল অর্থ উপার্জন করবেন- কিন্তু খরচ বৃদ্ধির ফলে আপনার সঞ্চয় করা কঠিন হবে। বাচ্চারা তাদের কৃতিত্বের মাধ্যমে আপনাকে গর্বিত করবে। আপনি আপনার প্রিয়জনের আচরণের প্রতি অত্যন্ত সংবেদনশীল

কন্যাঃ সামাজিকতার ভয় আপনাকে বলহীন করে তুলতে পারে। এটি সরাতে আপনার আত্ম-সম্মানকে উসাহিত করুন। আকস্মিক টাকাকড়ির আগমন আপনার রসিদগুলির এ